যাদু নাশপাতি গাছ

চীনের একটি রূপকথা



যাদু নাশপাতি গাছ

চীনের একটি রূপকথা



এই গল্পটি স্বার্থপর শেন,






এক ক্ষুধার্ত ভিক্ষুক,




এক দয়ালু মহিলা,



কিছু
সুস্বাদু নাশপাতি

এবং কিছুটা যাদু সম্পর্কে।

শেন একটা ছোটো বাড়িতে থাকতেন
যার সঙ্গে একটা বড়ো বাগান ছিল।



সেই বাগানে একটা গাছ ছিল।
গাছটিতে মিষ্টি, সোনালী রঙের
নাশপাতি ধরত।





শেনের কাছে অনেক নাশপাতি ছিল। কিন্তু তিনি কারুর সাথে সেগুলো ভাগ করতে চাইতেন না।

"এইগুলো আমি বাজারে বিক্রি করবো," তিনি ভাবলেন।



তাই শেন নাশপাতিগুলোর একটা বাক্স বাজারে নিয়ে গেলেন।






নাশপাতিগুলোকে দেখে এক ভিক্ষুক ওর পাশে এসে দাঁড়ালেন।

"দয়া করে আমি কি একটা নাশপাতি পেতে পারি?" উনি বললেন।


"আপনি টাকা দিতে পারবেন?" জিজ্ঞাসা করলেন শেন।



"আমার কাছে কোনো টাকা নেই," বললেন ভিক্ষুকটি।







তখনই একজন দয়ালু মহিলা শেনের চিৎকার শুনতে পেলেন।



আর জিজ্ঞাসা করলেন, "আপনি কি একটাও নাশপাতি দিতে পারবেন না?

"ওই লোকটি ক্ষুধার্ত এবং আপনার কাছে দেওয়ার জন্য যথেষ্ট পরিমাণে নাশপাতি আছে।"



"না!" চেঁচিয়ে উঠলেন শেন।



"তাহলে আমিই একটা নাশপাতি কিনে নিজেই দিয়ে দেব," মহিলাটি বললেন।

"আপনাকে অনেক ধন্যবাদ," ভিক্ষুকটি বললেন।



ভিক্ষুকটি তাড়াতাড়ি নাশপাতিটি খেয়েনিলেন।



উনি নাশপাতির বীজগুলো মুখ থেকে বের করে নিলেন।






"সুস্বাদু, মজাদার," ভিক্ষুকটি খুশি হয়ে বললেন।

"এখন, এবার আমার পালা,আপনাকে একটা নাশপাতি দেওয়ার জন্য?"

"আহা!" চেঁচিয়ে উঠলেন শেন। "আপনার কাছে টাকা আছে?"



"না," ভিক্ষুকটি বললেন।




মহিলাটি মাথা নাড়লেন।

"আপনি আরেকটা নাশপাতি কেমন করে পাবেন?"

ভিক্ষুকটি হাসলেন।

"আমি করে দেখাবো," উনি বললেন।







সেখানে ভিক্ষুকটিকে দেখার জন্য ভিড় জমা হয়ে গেলো।



ভিক্ষুকটি একটা গর্ত খুঁড়ে বীজগুলো ফেলে দিলেন।



" আমি কি একটু গরম জল পেতে পারি?" উনি বললেন।



একজন চা-বিক্রেতা তাকে একটি চা এর কেটলি দিলেন।




ভিক্ষুকটি কিছুটা গরম চা ওই গর্তটার মধ্যে ঢেলে দিলেন...




ভিড় জোরে চেঁচিয়ে উঠলো।
"দেখো, একটা অঙ্কুর!"


অঙ্কুরটি বড় হতেই থাকল।




আর সেটা একটা সবুজ পাতা এবং সোনালী রঙের নাশপাতি সহ গাছে পরিণত হলো।



ভিক্ষুকটি একটা নাশপাতি তুলে নিয়ে মহিলাটিকে দিলেন।



"মিষ্টি, সুস্বাদু," উনি খুশি হয়ে বললেন।



ভিক্ষুকটি সবার দিকে ঘুরে দাঁড়ালেন।
"আপনাদের মধ্যে অন্য কেউ নাশপাতি চান?"

"আমি! আমি!আমি!" সবাই চেঁচিয়ে উঠলো।




ভিক্ষুকটি একটার পর একটা নাশপাতি তুলতে থাকলেন। খুব শীঘ্রীই গাছ খালি হয়ে গেল।

প্রত্যেকেই পেয়েছিল একটা করে নাশপাতি–
এমনকি স্বার্থপর শেনও।





এখন কেউ আর ভিক্ষুকটিকে দেখছিলো না।



ভিক্ষুকটি গাছটিকে কেটে হাটতে হাটতে চলে গেলেন।





"ওহ না!"

হঠাৎ, শেন চারিদিকে তাকিয়ে দেখলেন।

আর দেখলেন, তার সব নাশপাতিগুলো চলে গেছে! আর তাদের কাঠের বাক্সগুলো সব টুকরো টুকরো হয়ে গেছে।



"এটা একটা কৌশল ছিল," উনি চিৎকার করে বললেন।

"ভিক্ষুকটি যে নাশপাতিগুলো তুলেছিলেন-ওগুলো সব আমার ছিল!"

" ভিক্ষুকটি যাদু করে আমার বাক্সকে গাছে পরিণত করেছিলেন।”





কিন্তু সবাই শুধু হাসতেই থাকল।



"সম্ভবত পরের বার আপনি কম স্বার্থপর হবেন," তারা শেনকে বলল।

সমাপ্ত